

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৭০

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصلُ التَّالِثُ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ لَعِقَ الْعَسَلَ ثَلَاثَ غَدَوَاتٍ فِي كُلِّ شهر لم يصبهُ عَظِيم الْبلاء»

বাংলা

৪৫৭০-[৫৭] উক্ত রাবী [আবূ হুরায়রা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি প্রতি মাসে তিনদিন ভোরে কিছু মধু চেটে খাবে, সে কোন বড় ধরনের বিপদে বা রোগে আক্রান্ত হবে না।[1]

ফুটনোট

[1] য'ঈফ: ইবনু মাজাহ ৩৪৫০, য'ঈফাহ্ ৭৬৩, য'ঈফুল জামি' ৫৮৩১, আল মু'জামুল আওসাত্ব ৪০৮, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ২৭৭, শু'আবুল ঈমান ৫৯৩০।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "আবদুল হামিদ" নামের রাবী মাজহূল। আর যুবায়র ইবনু সা'ঈদ আল হাশিমী (الموضوعات) "লাইয়্যিনুল হাদীস"। খুবই দুর্বল এ হাদীসটিকে ইবনুল জাওয়ী তাঁর (الموضوعات) "আল মাওযূ'আত" নামক কিতাবে ৩/২১৫ পৃঃ এনেছেন। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ২/১৮৩ পৃঃ, হাঃ ৭৬২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ মধু মানুষের জন্য খুবই উপকারী একটি খাবার। এটি মানব দেহে ঔষধের মতো কাজ করে। এটি পেটের অসুখের জন্য বিশেষভাবে উপকারী। যেহেতু পেট সুস্থ থাকলে সমস্ত শরীর সুস্থ থাকে। তাই বলা যায়, মধু পান করলে সমস্ত শরীরও সুস্থ থাকে। মধুর মধ্যে যে আরোগ্য আছে সেটি কুরআন-সুন্নাহ দ্বারা প্রমাণিত। কাজেই দৃঢ়



ঈমান রেখে আরোগ্য লাভের উদ্দেশে মধু পান করলে উপকৃত হওয়া যাবে ইনশা-আল্লাহ। [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন